

# শুরু হচ্ছে জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদক

০৫ মার্চ ২০১৭, ১৫:২৫

আপডেট: ০৫ মার্চ ২০১৭, ১৫:৫৬



তথ্য ও যোগাযোগপ্রযুক্তি মন্ত্রণালয়ের উদ্যোগে ৯ মার্চ থেকে শুরু হচ্ছে জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা। আজ রোববার রাজধানীর আগারগাঁওয়ের বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে এক সংবাদ সম্মেলনে জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতার ঘোষণা দেন প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ।

প্রতিমন্ত্রী বলেন, দেশের ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য টানা তৃতীয়বারের মতো অনুষ্ঠিত হবে ন্যাশনাল হাইস্কুল প্রোগ্রামিং কনটেস্ট। ২০১৫ সালে ৮টি ও ২০১৬ সালে ১৬টি আঞ্চলিক পর্যায়ে প্রতিযোগিতার পর জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এবার ১৬টি আঞ্চলিক প্রতিযোগিতার পাশাপাশি তিনটি উপজেলায় এ আয়োজন অনুষ্ঠিত হবে।

জুনাইদ আহমেদ আরও বলেন, এ কার্যক্রমের উদ্দেশ্য শিক্ষার্থীদের প্রোগ্রামিংয়ে উদ্বুদ্ধ করা। এবার প্রচার, মেন্টরদের ট্রেনিং, অনলাইন মেন্টরশিপ ও ফোরাম, ১৬টি আঞ্চলিক প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা, তিনটি উপজেলা পর্যায়ে প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা, চারটি অনলাইন প্র্যাকটিস কনটেস্ট, জাতীয় প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা, জাতীয় প্রোগ্রামিং ক্যাম্প, বাংলাদেশ ইনফরমেটিক্স অলিম্পিয়াড, আন্তর্জাতিক ইনফরমেটিক্স অলিম্পিয়াড (আইওআই) ক্যাম্প অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার বিচারের ব্যবহৃত হচ্ছে কোডমার্শাল প্ল্যাটফর্ম।

লিখিত বক্তবে বলা হয়, ৯ মার্চ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যশোর অঞ্চলের প্রতিযোগিতার মাধ্যমে শুরু হচ্ছে এ প্রতিযোগিতা। এপ্রিল মাসে ঢাকার কৃষিবিদ ইনস্টিটিউশনে জাতীয় প্রোগ্রামিং প্রতিযোগিতার পর্দা নামবে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগের সচিব সুবির কিশোর চৌধুরী, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার, তথ্য ও যোগাযোগপ্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক বনমালী ভৌমিক, বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের সাধারণ সম্পাদক মুনির হাসান, আন্তর্জাতিক প্রোগ্রামিং প্রতিযোগিতার বিচারক মোহাম্মদ মাহমুদুর রহমান প্রমুখ।